

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৮৩

আগরতলা, ০৬ মার্চ, ২০১৯

আড়ালিয়া মার্কেটের উদ্বোধন

গরীব অংশের মানুষের কল্যাণে কাজ
করছে কেন্দ্রীয় সরকার : মুখ্যমন্ত্রী

আমাদের দেশের গরীব অংশের মানুষ মানসিকভাবে দুর্বল নয়। আগে গরীব অংশের মানুষদের নিয়ে রাজনীতি করা হতো। নরেন্দ্র মোদি প্রধানমন্ত্রীর দায়িত্ব নিয়ে এই ব্যবস্থার পরিবর্তন করেছেন। বর্তমান কেন্দ্রীয় সরকার দেশের গরীব অংশের মানুষের কল্যাণে কাজ করছে। আজ বিকালে নবনির্মিত আড়ালিয়া মার্কেটের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। আড়ালিয়াস্থিত এই বাজার শেডটি এস পি এ প্রকল্পে ৬ কোটি ৮৫ লক্ষ টাকা ব্যয়ে নির্মাণ করা হয়েছে। আগরতলা পুর নিগম কর্তৃক নির্মিত এই মার্কেটে ৭৭ জন ব্যবসায়ী মাছ-মাংস-সজ্জি বিক্রি করার সুযোগ পাবেন। এছাড়া এই বাজারে ৩৪টি শাটারযুক্ত ষ্টল রয়েছে।

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, এখন থেকে আর রোদ, বৃষ্টি, ঝড়ে ক্রেতা-বিক্রেতাদের কষ্ট করতে হবে না। যা যেকোন বাজারের পক্ষে ভাল দিক। রাজ্যে যাদের বেকার বলে সম্বোধন করা হয় তাদের বেকার না বলে বেরোজগার বলা বেশি শোভনীয়। তিনি আরও বলেন, বেকারদের কর্মসংস্থানের দায়িত্ব রাজ্য সরকারের। বিগত সরকার সঠিক সময়ে সঠিক পদক্ষেপ গ্রহণ না করাই হল বর্তমানে রাজ্যে বেকার সমস্যার মূল কারণ। তিনি বলেন, দেশের গরীবরা মানসিকভাবে দুর্বল নয়। আগে গরীব ও দুর্বল শ্রেণীর মানুষদের নিয়ে রাজনীতি করা হত। কিন্তু নরেন্দ্র মোদি সরকার এই ব্যবস্থার পরিবর্তন করেছেন। বর্তমান কেন্দ্রীয় সরকার প্রকৃতভাবেই গরীব শ্রেণীর মানুষের উন্নয়নে কাজ করে চলেছে। প্রধানমন্ত্রী আবাস যোজনা, সৌভাগ্য যোজনা, আয়ুষ্মান ভারত, প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনার মাধ্যমে দেশের দুর্বল শ্রেণীর মানুষের জীবনমান উন্নয়নের লক্ষ্যে কাজ করে চলেছে। মুখ্যমন্ত্রী বলেন, গত ১ বছরে রাজ্যে সৌভাগ্য যোজনায় নির্দিষ্ট সময়ের পূর্বেই মোট ১ লক্ষ ৩৬ হাজার পরিবারে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। আয়ুষ্মান ভারত প্রকল্পে রাজ্যের সুবিধাভোগীদের এখন পর্যন্ত ১ কোটি ২০ লক্ষ টাকার সুবিধা দেওয়া হয়েছে। নরেন্দ্র মোদি সরকার স্বচ্ছ ভারত গড়ার পাশাপাশি ভ্রষ্টাচারমুক্ত ভারত তৈরী করার দিশাতে কাজ করছে। এই সরকারের আমলেই বেশিরভাগ প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হয়েছে। যা আগের সরকারগুলোর আমলে কখনও দেখা যায় নি। পুলওয়ামার কথা উল্লেখ করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, বিরোধীদের প্রমাণ চাওয়ার কোন অধিকার নেই। নরেন্দ্র মোদির সরকার পাকিস্তানের বিরুদ্ধে সঠিক পদক্ষেপই নিয়েছে। যা বিগত কেন্দ্রীয় সরকারগুলোর আমলে দেখা যায় নি। কেন্দ্রীয় সরকারের সফল বৈদেশিক কূটনীতির জন্যই পাকিস্তানকে ভারতের মিত্র বিমানের পাইলট অভিনন্দন বর্তমানকে দু'দিনের মধ্যে ফেরত দিতে হয়েছে। যা বিশ্বের চোখে নরেন্দ্র মোদির ভাবমূর্তিকেই প্রমাণ করে। বিশ্বের দরবারে বেড়েছে ভারতের সম্মান। প্রধানমন্ত্রীর নতুন ভারত গড়ার স্বপ্ন আচিরেই সম্পন্ন হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ রেবতী মোহন দাস বলেন, প্রকৃত ব্যবসায়ীরা যাতে এই মার্কেট শেডের মাধ্যমে লাভবান হন সেদিকে নজর রাখতে হবে। আজকের এই অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র ড. প্রফুল্লজিৎ সিনহা, নগর উন্নয়ন দপ্তরের বিশেষ সচিব কিরণ গিভে প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের কমিশনার ড. শৈলেশ কুমার যাদব।
